গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ভবন নং-৪, ৫ম তলা)
www.coa-revenue.gov.bd

বিষয় ঃ জানুয়ারী/২০১৯খ্রিঃ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

০৩/০২/২০১৯খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় অত্র দপ্তরের বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণের মাসিক সমন্বয় সভা হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর অফিস কক্ষে (৭১, পুরানা পল্টন) অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) জনাব মোঃ মশিউর রহমান। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।**

২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট), জনাব মাহফুজা আহমেদ বিগত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় দৃঢ়করণ করা হয়।

৩। অদ্যকার সভার কার্যপত্র মোতাবেক নিম্নলিখিত বিষয়াদি উপস্থাপন করা হয়।

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।	আলোচনা ঃ এ পর্যায়ে হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গত সভার ৭নং ক্রমিকের আলোচ্যসূচীর আলোকে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এবং হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) গণ তার দপ্তরের ওয়েবসাইট ব্যবহার না করার কারণ জানতে চান। এ প্রসঙ্গে সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ জানান- দাপ্তরিক ওয়েবসাইট ব্যবহারের উপর যে প্রশিক্ষণ দেয়া হয়েছে তা পর্যাপ্ত নয়। তাই অনেকেই চিঠিপত্রসহ ভ্রমণসূচী ও অডিট রিপোর্ট ওয়েবসাইটে আপলোড করতে পারেন না। তাই জরুরী ভিত্তিতে পূণরায় ওয়েবসাইট ব্যবহার ও আপলোড বিষয়ে প্রশিক্ষণ প্রদান আবশ্যক। সভায় আলোচনান্তে সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এবং হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) গণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদানের প্রস্তাব গৃহীত হয়। সিদ্ধান্ত ঃ সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এবং হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) গণকে তাদের দপ্তরের ওয়েবসাইট ব্যবহার ও ওয়েবসাইটে জরুরী চিঠিপত্র আপলোড বিষয়ে দ্রুত প্রশিক্ষণ প্রদান।	সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন)
২.	অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তিকরণ।	আলোচনা ঃ সভাপতি উপস্থিত সকলকে এ মর্মে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের ডিসেম্বর/২০১৮খ্রিঃ মাসের মাসিক সমন্বয় সভায় অত্র দপ্তর কর্তৃক উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম সন্তোষজনক নয় মর্মে সচিব মহোদয় ক্ষোভ প্রকাশ করেন। পাঁচ হাজারের অধিক অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে দ্রুত একটি কর্ম পরিকল্পনা তৈরী করার জন্য সচিব মহোদয় নির্দেশনা দিয়েছেন। তাই অদ্যকার সভায় এ বিষয়ে করণীয় সম্পর্কে আপনাদের গুরুত্বপূর্ণ মতামত আহব্বান করছি। এ পর্যায়ে সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) রাজশাহী বিভাগ ও রংপুর বিভাগ জানান- হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) গণ অডিট কার্য শুরু করার প্রারম্ভেই গত অর্থবছরের অডিট আপত্তির উপর গৃহীত কার্যক্রম গ্রহণ সম্পর্কে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করবেন এবং উহার ফলাফল বিদ্যমান অডিট রিপোর্টে উল্লেখ করবেন। এতে বক্ষমান জবাব প্রাপ্তির বিষয়টি ত্বরান্বিত হবে। এছাড়া উপস্থিত সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গনের মধ্যে কেহ কেহ মাসিক অগ্রগতি বিবরণীর সাথে হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) গণ জেলা প্রশাসনের সাথে আলোচনা করে সংশ্লিষ্ট মাসে কতগুলো অডিট আপত্তির বক্ষমান জবাব উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে সে	

চলমান পাতা - ২

		বিষয়ে একটি তথ্য প্রদান করবেন। এতে সংশ্লিষ্ট জেলার অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়টি দ্রুততর হবে। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) সভাকে জানান- সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ প্রতি মাসেই একাধিক জেলা সফর করে থাকেন। তাই তাদেরকে সংশ্লিষ্ট জেলা সফরের সময় সুনির্দিষ্ট অডিট আপত্তি নিয়ে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করতে হবে। এতে বক্ষমান জবাব প্রাপ্তির বিষয়টি অনেকাংশে বৃদ্ধি পাবে। সভাপতি আরোও বলেন- অত্র দপ্তরের নিরীক্ষা দল ভি,পি হিসাব অডিট করে যে রিপোর্ট প্রদান করেন তাতে গুরুতর আর্থিক অনিয়ম খুব একটা থাকে না। অধিকাংশ ভি,পি রিপোর্টে দাবী ও আদায়কৃত লীজমানি এবং ২নং তলববাকী রেজিষ্টার সংরক্ষণ না করার বিষয়টি উল্লেখ করা হয়। তাই এ ধরনের আপত্তি স্ব-উদ্যোগে নিষ্পত্তি করা হলে দীর্ঘ ১০/১২ বছরের আপত্তি দ্রুততার সহিত নিষ্পত্তি করা সম্ভব হবে। উপস্থিত সকলে সভাপতির সাথে একমত পোষণ করেন। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) প্রতি মাসে ন্যূনতম জেলাওয়ারী ২টি অডিট আপত্তি নিষ্পত্তির ব্যাপারে সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণকে অনুরোধ করেন। এ পর্যায়ে উপস্থিত সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সভাকে আশ্বস্ত করেন। <u>সিদ্ধান্ত</u> ঃ (ক) অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির স্বার্থে হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) গণ নিরীক্ষা কার্য শুরু করার পূর্বেই সংশ্লিষ্ট অফিসের বিগত অর্থবছরের অডিট রিপোর্ট নিষ্পত্তির বিষয়ে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করবেন এবং উক্ত অডিট রিপোর্টের উপর গৃহীত কার্যক্রম বিদ্যমান অডিট রিপোর্টে উল্লেখ করবেন।	
		(খ) হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) গণ মাসিক অগ্রগতি প্রতিবেদনের সাথে জেলা প্রশাসনের সাথে আলোচনা করে সংশ্লিষ্ট মাসে কতগুলো অডিট আপত্তির বক্ষমান জবাব উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে সে বিষয়ে তথ্য দিবেন।	সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)/হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব)
		(গ) সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ বিভিন্ন জেলা সফর করার সময় সংশ্লিষ্ট জেলার পুঞ্জীভূত অডিট আপত্তি নিয়ে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করবেন এবং তার পরিদর্শণ প্রতিবেদনে সুনির্দিষ্টভাবে যে সকল অডিট আপত্তি নিয়ে কথা হয়েছে উহা উল্লেখ করবেন।	
		(ঘ) ১০/১২ বছরের পূর্বের যেসকল পেন্ডিং ভি,পি অডিট আপত্তি রয়েছে উহাতে তছরূপ ও রাজস্ব ক্ষতির গুরুতর অনিয়ম না থাকলে সদর দপ্তর স্বউদ্যোগে উহা নিষ্পত্তি করবেন।	সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন)/(অডিট)
		(ঙ) সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ জেলাওয়ারী প্রতি মাসে নূন্যতম ২টি অডিট আপত্তি নিষ্পত্তি করবেন।	বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) সকল
৩.	ত্রৈ-মাসিক কার্য্যসূচী প্রেরণ।	<u>আলোচনা</u> ঃ হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) সভাকে জানান- জেলায় কর্মরত নিরীক্ষা দলের কার্য্যসূচী যথাসময়ে না পাওয়ায় তাদের অবস্থান সম্পর্কে সদর দপ্তর অবহিত হতে পারছেন না। দেখা যায়- অধিকাংশ কার্য্যসূচী উল্লেখিত সময় পার হওয়ার পর সদর দপ্তরে পৌছায়। এ ব্যাপারে সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণকে আরোও দায়িত্বশীল হতে হবে। চট্টগ্রাম বিভাগের সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) জনাব মাশুক বিল্লাহ আরেফ খান জানান- চট্টগ্রাম (উত্তর) ও চট্টগ্রাম (দক্ষিণ)-এর হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) গণ সময়মত কার্য্যসূচী প্রদান করেন না। এ ব্যাপারে চট্টগ্রাম (দক্ষিণ)-এর হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব)-কে কৈফিয়ত তলব করা হয়েছে। চলতি অর্থবছরের ডিসেম্বর/২০১৮খ্রিঃ পর্যন্ত	

চলমান পাতা - ৩

		২য় ত্রৈমাসিক অতিক্রান্ত হওয়া সত্ত্বেও তারা কোন রিপোর্ট দাখিল করেননি। এ ব্যাপারে সভাপতি জানতে চাইলে জনাব মাশুক বিল্লাহ আরেফ খান জানান- চলতি আর্থিক বছরের চট্টগ্রাম (উত্তর) ও (দক্ষিণ)-এর হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) গণের নিকট যথাক্রমে ১০টি ও ৮টি রিপোর্ট পাওনা আছে। এছাড়া তিনি আরোও জানান- চট্টগ্রাম জেলা থেকে অডিট রিপোর্টের উপর কোন বক্ষমান জবাব পাওয়া যায় নাই। এ ব্যাপারে স্থানীয় প্রশাসনের নিকট অডিট রিপোর্ট নাই বলে জানা যায়। এর পরিপ্রেক্ষিতে সম্প্রতি চট্টগ্রাম জেলা সফর করার সময় ১১৫টি অডিট রিপোর্টের ছায়ালিপি জেলা প্রশাসন-কে প্রদান করা হয়েছে।	
		<u>সিদ্ধান্ত</u> ঃ (ক) জেলায় কর্মরত নিরীক্ষা দলের নিকট হতে যথাসময়ে কার্য্যসূচী সংগ্রহ করে সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ নির্ধারিত সময়ের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করবেন।	সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ
		(খ) হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) চট্টগ্রাম (উত্তর) জনাব সুজিত রঞ্জন বল এবং হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), চট্টগ্রাম (দক্ষিণ) জনাব নুরুল ইসলাম সরকার-এর নিকট প্রাপ্য অডিট রিপোর্ট আগামী ২৫/০২/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করার জন্য সংশ্লিষ্টদের পত্র প্রদান করবেন।	সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/০২/১৯

(মোঃ মশিউর রহমান)
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) (চঃ দাঃ)
ও
সভাপতি
মাসিক সমন্বয় সভা
E-mail : coa_revenue@yahoo.com
ফোন # ৯৫৪০১১৯।

স্মারক নং- ৩১.০৫.০০১.০১.০০.০৬৮.২০১২- ১৩৮ তারিখ ঃ ০৫/০২/২০১৯খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৫। পরিচালক, ভূমি প্রশাসন ও প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
৬। সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) (সকল) .....।
৭। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), (সকল) .....।

৫/২/১৯

(মাহফুজা আহমেদ)
সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট)
E-mail : acaudit65@gmail.com
ফোন # ৪৭১১৭৬৭৭।